

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ জানুয়ারি ২০১৪/০২ মাঘ ১৪২০

নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১১.২০১১-০৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত
মন্ত্রিসভা কমিটিসমূহ গঠন করেছে :

- (ক) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক);
- (খ) সরকারি ত্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (গ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঘ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- (ঙ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

২। উপর্যুক্ত মন্ত্রিসভা কমিটিসমূহের গঠন, এগুলিকে সহায়তাদানকারী কর্মকর্তাগণের তালিকা,
কমিটিসমূহের কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং এ সকল কমিটিকে সাচিবিক সহায়তা
প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট ‘ক’ হতে ‘ঙ’-তে প্রদত্ত হল।

৩। যে সকল ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ ব্যতিরেকে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ মন্ত্রিসভা
কমিটিসমূহের সাচিবিক সহায়তা প্রদান করবে, সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রিসভা কমিটির সভার
কার্যবিবরণী অনুমোদিত হওয়ার তিন দিনের মধ্যে এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও
অর্থনৈতিক অনুবিভাগ) প্রেরণ করতে হবে।

(৩৯১)

মূল্য : টাকা ১৬.০০

৪। মন্ত্রিসভা কমিটিসমূহের যে সকল সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পেশ করার আবশ্যিকতা রয়েছে, সেগুলি মন্ত্রিসভায় পেশ করতে হবে। অন্যান্য সুপারিশ রঞ্জস অব বিজনেস অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদসংক্রান্ত বিষয়ে প্রবেকার মন্ত্রিসভা কমিটিসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞ্চা
মন্ত্রিপরিষদ সচিব

পরিশিষ্ট-খ

সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) কমিটির গঠন :

ক্রমিক নং	নাম ও পদবি	দায়িত্ব
১.	জনাব আবুল মাল আবদুল মুহিত মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	আহবায়ক
২.	জনাব আমির হোসেন আমু মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৩.	জনাব তোফায়েল আহমেদ মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
৪.	বেগম মতিয়া চৌধুরী মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৫.	জনাব আবদুল লতিফ সিদ্দিকী মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
৬.	সৈয়দ আশরাফুল ইসলাম মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য
৭.	খন্দকার মোশাররফ হোসেন মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৮.	ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্তি মন্ত্রণালয়	সদস্য
৯.	জনাব ওবায়দুল কাদের মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয়	সদস্য
১০.	জনাব আ হ ম মুস্তফা কামাল মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
১১.	জনাব মোঃ মুজিবুল হক (চুম্বু) প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
১২.	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী	সদস্য

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- (৪) সচিব, অর্থ বিভাগ
- (৫) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- (৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য
- (৭) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(গ) কমিটির কার্যপরিধি :

- (১) সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত এককভাবে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয় ও চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;
 - (২) পরামর্শক সার্ভিস (কনসালটেন্সি সার্ভিসেস) সংক্রান্ত ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;
 - (৩) উপরের (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লিখিত অংকের (অর্থাৎ যথাক্রমে ৫০ কোটি ও ১০ কোটি টাকার উর্ধ্বের) পুনঃ দরপত্র সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;
 - (৪) সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের অনুসৃত দরপত্র পদ্ধতির পরিবীক্ষণ ও পর্যালোচনা।
- (ফ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।
- (চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।